প্রাথমিক শিক্ষার মাধ্যমেই শিশুদের মেধা ও মননশীলতার বিকাশ ঘটে

‘প্রাথমিক শিক্ষার মাধ্যমেই শিশুদের মেধা ও মননশীলতার বিকাশ ঘটে। তাদের সুপ্ত প্রতিভার বিকাশ ঘটাতে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ভূমিকা সবার আগে। দেশের শিক্ষা ব্যবস্থার মানোন্নয়ন ও অবকাঠামোগত উন্নয়নে সরকার সবোর্চ্চ গুরুত্বারোপ করেছে। বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২৬ হাজার ১৯৩টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সরকারিকরণ করেছেন। ১লা জানুয়ারিতেই সারাদেশে বই বিতরণের ঐতিহাসিক সাফল্য সারাবিশ্বকে হতবাক করে দিয়েছে।

গতকাল শনিবার সকালে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের করণীয় শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

তিনি বলেন, ”একজন প্রাইমারী শিক্ষক যে কত দামী সেটা কিন্তু সকলে মাপতে পারে না। এটি মাপার জন্য সুশিক্ষিত যোগ্যতাসম্পন্ন মানুষের প্রয়োজন। ‘

মেহেরপুর স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মোঃ শামীম হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন মেহেরপুর জেলা পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক (আইটিসি) মোঃ কাদের মিয়া, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার রুহুল আমিন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক সহ জেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ।

মার্কিন ভিসানীতি প্রয়োগে অসাংবিধানিক পন্থা উৎসাহিত করা হচ্ছে

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন প্রস্তুতির পূর্বেই সরকারকে পঙ্গু করে দিতে চাইছে মার্কিন সাম্রাজ্যবাদ ও তার দেশীয় মিত্ররা। সাংবিধানিক ধারায় যখন শান্তিপূর্ণ নির্বাচন ব্যবস্থা গড়ে তুলতে চাইছে। ঠিক তখনই ভিসানীতি স্যাংশনের নামে নানাবিধ বিধি আরোপ করে চলেছে আমেরিকা ও পশ্চিমা দেশসমূহ।

শনিবার বিকেলে মেহেরপুর জেলা ওয়ার্কার্স পার্টির উদ্যোগে গাংনীতে লাল পতাকা মিছিল ও সমাবেশে প্রধান অতিথির বক্তব্য প্রদানকালে কথাগুলো বলেন বাংলাদেশ, ওয়ার্কার্স পার্টির পলিট ব্যুরোর সদস্য জননেতা নুর আহমদ বকুল।

জননেতা নুর আহমদ বকুল তার বক্তব্যেই আরো বলেন,সরকার নির্বাচন করতে ব্যর্থ হলে,দেশে অসংবিধানিক সরকার প্রতিষ্ঠা হবে। তাই দেশে স্বাধীনতা-সার্বোভৌমত্ব রক্ষায় মুক্তিযুদ্ধের চেতনায় সবাই এখনই আরো বেশি করে ঐক্যবদ্ধ হতে হবে।

মেহেরপুর জেলা ওয়ার্কার্স পার্টির সভাপতি কমরেড আব্দুল মাবুদ এর সভাপতিত্বে সমাবেশে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির কেন্দ্রীয় কমিটির সদস্য ও কুষ্টিয়া জেলা ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক হাফিজ সরকার।

এসময় বক্তব্য রাখেন মেহেরপুর জেলা ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক কমরেড মজনুল হক মজনু, সদস্য কমরেড আব্দুর রহিম মাস্টার , সদস্য নুরুন নাহার, জেলা যুবমৈত্রীর সাংগঠনিক সম্পাদক শামসুজ্জামান প্রমুখ।

মেহেরপুরে সাংবাদিকদের সাথে এম এ এস ইমনের মতবিনিময়

মেহেরপুরে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশী ঘোষণা করে সাংবাদিকদের সাথে মতবিনিময় করেছেন সাবেক কেন্দ্রীয় ছাত্রলীগ নেতা এম এ এস ইমন।
শনিবার দুপুরে মেহেরপুর জেলা শহরের একটি রেস্টুরেন্টে তিনি এ মতবিনিময় করেন। এম এ এস ইমন মেহেরপুর জেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানব সম্পদ সম্পাদক এবং কেন্দ্রীয় আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা উপকমিটির সদস্য।

মতবিনিময়কালে তিনি বলেন, মেহেরপুরের মাটি উর্বর। যেখানে বছরে চারটা ফসল উৎপাদন হয়। এখানে মানুষের ভাত-কাপড়ের তেমন অভাব নেই। মেহেরপুরে সব থেকে বড় সমস্যা হলো কর্মসংস্থানের। কারণ এখানে শিল্পকারখানা নেই, ব্যবসা বাণিজ্যের প্রসার নেই। মেহেরপুর আরও একটি বড় সমস্যা সেটি হলো শিক্ষার মান ভালো না। এখানে ভালো মানের শিক্ষা প্রতিষ্ঠান নেই। অনেকে গ্রাজুয়েট পাশ করছে কিন্তু চাকরির বাজারে গিয়ে তারা টিকতে পারছে না। আমার ইচ্ছা এ দুটি বিষয়কে সবচেয়ে বেশি গুরত্ব দেওয়া। বেকার সমস্যার সমাধান করতে পারলে অন্যান্য যেসকল ছোট ছোট সমস্যা আছে সেগুলো সমাধান হবে।

তিনি বলেন, বেকার সমস্যা সমাধানের জন্য আমি মনে করেছিলাম, মেহেরপুরে একটি স্থলবন্দর প্রতিষ্ঠা হওয়া দরকার। সে লক্ষ্যে মেহেরপুরের মানুষদের সাথে নিয়ে দীর্ঘদিন যাবৎ স্থলবন্দর আন্দোলন করেছি। সরকার বিষয়টিকে গুরত্ব দিয়ে ইতোমধ্যে গেজেট প্রকাশ করেছে। আমি আশা করেছিলাম স্থলবন্দর প্রতিষ্ঠা হয়ে যাবে। কিন্তু কোন না কোন ঘাটতির কারণে সেটি এখনও প্রতিষ্ঠা পাইনি।

সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তরে তিনি বলেন, আওয়ামী লীগ বৃহৎ রািজৈনতক দল। এখানে নেতৃত্বের গ্রুপিং থাকবে। জননেত্রী শেখ হাসিনার কাছে মনোনয়ন চাইবো। বাকিটা নেত্রির ইচ্ছা। তবে মেহেরপুরের মানুষের সাথে কথা বলে, তৃণমূল রাজনৈতিক নেতৃবৃন্দের সাথে কথা বলে জেনেছি সকলেই পরিবর্তন চায়।
এছাড়াও তিনি বলেন, আমি যদি সুযোগ পাই বাল্যবিয়ে, ভিক্ষুকক্তু, মুজিবনগরভিত্তিক পর্যটন নগরীসহ মাদকের নির্মূলে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবো।

মতবিনিময় অনুষ্ঠানে মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, সাবেক সাধারণ সম্পাদক ইয়াদুল মোমিন, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফারুক হোসেন, সাবেক সভাপতি আলামিন হোসেন, সাবেক সাধারণ সম্পাদক রফিকুল আলমসহ জেলায় কর্মরত বিভিন্ন গণমাধ্যমের প্রতিনিধিরা অংশ নেন।

উল্লেখ্য, আওয়ামী লীগ নেতা এম এ এস ইমন গত জাতীয় নির্বাচনেও স্থানীয় নেতৃবৃন্দ ও সাধারণ মানুষের কাছে ব্যাপক সাড়া ফেলেছিলেন। তিনি বর্তমান সরকারের উন্নয়ন তুলে ধরে বিভিন্ন সময় বুকলেট বিতরণ, গণসংযোগ অব্যহত রেখেছেন।

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের আনন্দ মিছিল ও সমাবেশ

প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৭তম জন্মদিন উপলক্ষে মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের আনন্দ মিছিল ও সমাবেশর আয়োজন করা হয়।

আজ শুক্রবার বিকেলে শেখ হাসিনার ৭৭তম জন্মদিন উপলক্ষে মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের আনন্দ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর কোর্ট মোড় থেকে আনন্দ মিছিল বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর ক্লাবের সামনে এসে শেষ হয়।

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আরিফুল ইসলাম সোবহানের সভাপতিত্বে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন, সহ-সভাপতি সায়েক রহমান শিশির, সংগঠনিক সম্পাদক উছাইদ আলী, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শরীফ রেজা পান্না, তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক আতিক স্বপন, মেহেরপুর পৌর স্বেচ্ছাসেবক লীগের সভাপতি রিয়াদ আজিম, মেহেরপুর পৌর স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক শাহীন তানিম, মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক মতিয়ার রহমান মতিন, গাংনী

উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সদস্য সচিব জীবন আকবার মেহেরপুর সদর থানা আমঝুপি ইউনিয়নের সভাপতি মিনারুল ইসলাম, সাবেক ছাত্রনেতা রাহেনুজ্জামান পলেন সহ উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ের বিভিন্ন নেতাকর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা ছাত্রলীগের আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান

প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৭তম জন্মদিন উপলক্ষে মেহেরপুর জেলা ছাত্রলীগের আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আজ শুক্রবার রাতে মেহেরপুর জেলা আওয়ামী লীগের কার্যালয়ে মেহেরপুর ছাত্রলীগের আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনের সভাপতিত্বে মহাজনপুর ইউনিয়ন ছাত্রলীগের সাবেক সভাপতি ইমাম হোসেন ইমনের সঞ্চালনায় উপস্থিত ছিলেন সদর থানা ছাত্রলীগের সভাপতি জুলকারনাইন বায়েজিদ, গাংনী উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক, বারাদি ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি আল মামুন, মহাজনপুর ইউনিয়ন ছাত্রলীগের সাবেক সেক্রেটারি আরিফুল ইসলাম, পিরোজপুর ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাদিকুর রহমান মতিন, আমঝুপি ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি মকবুল হোসেন, পৌর ছাত্রলীগের ছাত্রনেতা রাতুল সহ মেহেরপুর জেলা এবং উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা শিল্পকলা

একাডেমির আনন্দ শোভাযাত্রা

প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৭তম জন্মদিন উপলক্ষে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর আনন্দ শোভা যাত্রার আয়োজন করা হয়েছে।

আজ শুক্রবার বিকেলে মেহেরপুর জেলা শিল্পকলাএকাডেমি থেকে আনন্দ শোভাযাত্রা বের হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়।

আনন্দ শোভাযাত্রায় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির সহ-সভাপতি নুরুল আহমেদ, মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির কার্যনির্বাহী সদস্য হাসানুজ্জামান মালেক, মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির কার্যনির্বাহী সদস্য পল্লব ভট্টাচার্য, মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির কার্যনির্বাহী সদস্য আবুল হাসনাত দিপু, মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির নাট্য বিভাগের প্রশিক্ষক শ্বাশত নিপ্পন, কামদেবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মিনারুল ইসলাম সহ মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর বিভিন্ন কর্মকর্তা ও মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির ছাত্র-ছাত্রীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরের ঘাটপাড়ায় ঈদ ই মিলাদুন্নবী উদযাপন

মেহেরপুর শহরের ১ নম্বর ওয়ার্ড ঘাটপাড়ায় ঈদ ই মিলাদুন্নবী উপলক্ষে এলাকাবাসীর মাঝে তবারক বিতরণ ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

বৃহস্পতিবার সন্ধ্যায় প্রতিবছরের ন্যায় ঘাটপাড়া এলাকাবাসী ঈদ ই মিলাদুন্নবী উপলক্ষে এ কর্মসূচী পালন করে।

মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এলাকাবাসীর মাঝে তবারক বিতরণ করেন।

এসময় আছাদুজ্জাজামান, শিবলু, সাংবাদিক ডিএম মুকিদ, তুহিন বিশ্বাস, রুমি,আশরাফুল হক আশাসহ স্থানীয়রা উপস্থিত ছিলেন। এর আগে সেখানে দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

মেহেরপুরে এ্যাড. মিয়াজানের লিফলেট বিতরণ

মেহেরপুরে সরকার উন্নয়ন চিত্র তুলে ধরে লিফলেট বিতরণ করলেন জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি মনোনয়ন প্রত্যাশী এ্যাড. মিয়াজান আলী।

বৃহস্পতিবার বিকেলে কোর্ট মোড় থেকে লিফলেট বিতরণ কার্যক্রম শুরু হয় এবং প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি এ্যাড. মিয়াজান আলী বলেন আজকের দিনটা আমাদের অত্যন্ত পবিত্রের দিন আজ আমাদের প্রিয় নবী হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জন্ম দিন এবং আমাদের জননেত্রী শেখ হাসিনার ও জন্মদিন এই জন্মদিনে শেখ হাসিনার উন্নয়ন বাংলাদেশ আওয়ামী লীগ সরকারের উন্নয়নের লিফলেট বিতরণ করছি ।

এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সদস্য টনিক বিশ্বাস, আমদহ ইউনিয়নের আওয়ামী যুবলীগের সাবেক সভাপতি মুস্তাকিম আলী, জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক জুয়েল রানা, জেলা আইনজীবী সমিতির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক এডভোকেট আব্দুল্লাহ আল মামুন রাসেল, মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সাবেক সেক্রেটারি ও জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা, বুড়িপোতা ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক রোমেল মোল্লা, আবুল হায়াত, আক্কাস আলী সহ বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

শারদীয় দূর্গাপুজা উপলক্ষে মেহেরপুর জেলা পুলিশের মতবিনিময় সভা

আসন্ন শারদীয় দুর্গাপূজা ২০২৩ সুষ্ঠু-সুন্দর ভাবে উদযাপন এবং সার্বিক নিরাপত্তার পরিকল্পনা নিয়ে মেহেরপুর জেলা পুলিশের মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার (২৮ সেপ্টেম্বর) সন্ধ্যা সাতটায় মেহেরপুর জেলা পুলিশের আয়োজনেপুলিশ সুপারের সম্মেলন কক্ষে মেহেরপুর সদর, গাংনী ও মুজিবনগর উপজেলার বিভিন্ন পূজা মণ্ডপের প্রতিনিধিদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এ সময় পুলিশ সুপার আসন্ন শারদীয় দূর্গাপুজা কিভাবে সুষ্ঠু, সুন্দর এবং উৎসবমূখর পরিবেশে অনুষ্ঠিত হতে পারে সে বিষয়ে পূজা উদযাপন কমিটির সদস্যদের সাথে মতবিনিময় করেন এবং জেলা পুলিশের নেওয়া বিভিন্ন পদক্ষেপের কথা তুলে ধরে পুলিশ ও পূজা উদযাপন কমিটিকে বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন।

পুলিশ সুপার মেহেরপুর মোঃ রাফিউল আলমের সভাপতিত্বে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার মোঃ কামরুল আহসান, অতিরিক্ত পুলিশ সুপার সদর সার্কেল আবদুল করিম, সদর, গাংনী ও মুজিবনগর থানার অফিসার ইনচার্জগণ। বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ মেহেরপুর জেলা শাখার আহ্বায়ক সনজিত পাল বাপ্পি, সদর উপজেলার সাধারণ সম্পাদক মঙ্গল চন্দ্র বিশ্বাস, পৌর কমিটির সভাপতি বিশ্বনাথ সাহা, সাধারণ সম্পাদক তরুণ কুমার বিশ্বাস, গাংনী উপজেলা শাখার সহ-সভাপতি সুকেশ চন্দ্র বিশ্বাস, সাধারণ সম্পাদক মহাদেব চন্দ্র দাস, মুজিবনগর উপজেলা সভাপতি ধীরেন হালদার, প্রমুখ।

নবজাতক ও ডেঙ্গু রোগীদের পাশে মেহেরপুর জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ

প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিনে মেহেরপুর জেনারেল হাসপাতালে শিশু ও ডেঙ্গু আক্রান্ত রোগীদের মাঝে খাবার ও পোশাক বিতরণ করেছে মেহেরপুর জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ।

বৃহস্পতিবার ২৮ সেপ্টেম্বর দুপুরে মেহেরপুর জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের নেতাকর্মীদের উদ্যোগে ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের শিশু ওয়ার্ড বর্ণিল ভাবে সাজানো হয়।

অতঃপর শিশু ওয়ার্ডে নবজাতক ও চিকিৎসাধীন শিশুদের মধ্যে পোশাক এবং খাবার বিতরণ করে নেতাকর্মীরা হাসপাতালের ডেঙ্গু ওয়ার্ডে যেয়ে ডেঙ্গু আক্রান্ত রোগীদের খোঁজ খবর নেয় ও তাদের মধ্যে ফলমূল বিতরণ করে।

এসময় মেহেরপুর জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আরিফুল ইসলাম সোবহান, সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন, সহ-সভাপতি সোয়েব রহমান, সদর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহ্বায়ক সানোয়ার হোসেন সহ হাসপাতালের রোগী কল্যাণ সমিতির সদস্য রাহিনুজ্জামান পলেন উপস্থিত ছিলেন।